

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৯ ছাত্রীর বহিষ্কার বাতিলের দাবিতে মানববন্ধন

প্রক্টরের পদত্যাগ দাবি শিক্ষার্থীদের

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ১৬ ফেব্রুয়ারী ২০২৫



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৯ ছাত্রীর বহিষ্কার বাতিল চেয়ে মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা। গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১২ শিক্ষার্থীকে বহিষ্কার করেছিল। শনিবার শহীদ মিনারের সামনে আয়োজিত মানববন্ধনে বক্তারা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তানভীর মোহাম্মদ হায়দারের পদত্যাগ দাবি করেন।

বহিষ্কৃত ছাত্রীদের পক্ষে আয়োজিত এ মানববন্ধনে ক্যাম্পাসের বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীরা অংশ নেন। শিক্ষার্থীরা ‘অন্যায় বহিষ্কার, মানি না, মানব না’ এবং ‘প্রহসনের বহিষ্কার, মানি না, মানব না’ স্লোগান দিয়ে প্রতিবাদ জানান।

এদিকে, স্টুডেন্টস অ্যালায়েন্স ফর ডেমোক্রেসির মুখপাত্র জগলুল আহমেদ বলেন, “প্রক্টরের বিতর্কিত ফেসবুক পোস্টের কারণে পুরো

বিশ্ববিদ্যালয় লজ্জিত।” পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি রোনাল চাকমা বহিষ্কার আদেশ অবিলম্বে বাতিলের আহ্বান জানান।

বিশ্ববিদ্যালয়ে ৫ ফেব্রুয়ারি এক ঘটনার পর ১২ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়, যাদের মধ্যে ৯ জন ছাত্রী।